সংবাদ

তারিখ ... 6.6.86 ...
পৃষ্ঠা ... কলাম ...



# বিশ্ববিদ্যালয়ের শতকরা ১৪ জন ছাত্র খণ্ডকালীন কাজ করতে চায়

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রায় সব ছাত্রী-ছাত্রীই পড়াশোনার পাশাপাশি খণ্ডকালীন কাজ করতে চায় এবং তা শুধুমাত্র আর্থিক স্বচ্ছলতা লাভের জন্যেই নয়, কেউ কেউ কর্মমুখর বাস্তব জীবন সম্পর্কে কিছুটা ধারণা পাবার জন্য এবং প্রশিক্ষণ নেয়ার উদ্দেশ্যেও তা করতে চায়।

গত শুক্রবার 'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সার্ভিস' (ডব্লিউইউএস)-এর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত এক কর্মশালায় প্রবন্ধ পাঠ করার সময় বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শেষ বর্ষের ছাত্র শামসুল মুক্তাদির তার এ সম্পর্কিত একটি জরিপের ফলাফলে এ তথ্য পেয়েছেন বলে জানান। বিশ্ববিদ্যালয়ের ৫০জন ছাত্র-ছাত্রীর উপর পরিচালিত এই জরিপে জানা গেছে, শতকরা ৯৪ জন খণ্ডকালীন কাজ করতে চায় এবং তার মধ্যে শতকরা ৫০ জন আর্থিক স্বচ্ছলতা লাভের জন্য, শতকরা ৪০ জন বাস্তব জীবন সম্পর্কে ধারণা পাবার জন্য আর বাকী শতকরা ১০জন প্রশিক্ষণের জন্য।

জরিপে ভিন্ন ভিন্ন প্রশ্নের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের খণ্ডকালীন কাজ সম্পর্কে আরো যেসব তথ্য পাওয়া গেছে তা হলো শতকরা ৯৬জন মনে করেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এ ধরনের কাজের ব্যবস্থা করে দেয়া উচিত, শতকরা [illegible] খণ্ডকালীন কাজ ছাত্রদেরকে হতাশা থেকে মুক্তি দিতে পারে। এক প্রশ্নে ছাত্র-ছাত্রীদেরকে জিজ্ঞাসা করা হয়েছিলো 'খণ্ডকালীন কাজ কর্মসূচী কি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে পারে?' জবাবে শতকরা ৯২জন বলেছেন পারে, ৪জন বলেছেন, 'পারে না' এবং বাকী ৪জন বলেছেন একমাত্র সামাজিক বিপ্লব ও শ্রেণী সংগ্রামের মাধ্যমেই দেশের আর্থ-সামাজিক উন্নয়ন সম্ভব।

ওয়ার্কশপে মূলতঃ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের খণ্ডকালীন কাজ নিয়ে আলোচনা করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ শামসুল হকের সভাপতিত্বে আলোচনায় অংশ নেন অগ্রণী ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর জনাব লুৎফর রহমান সরকার, বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্রের পরিচালক জনাব খুরশীদ আলী, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চেয়ারম্যান জনাব আকমল হোসেন, ফিন্যান্স বিভাগের শিক্ষক জনাব নাসিরউদ্দিন, ইতিহাস বিভাগের জনাব আবুল কালাম এবং কয়েকজন ছাত্র।

আলোচনাশেষে কি ঠিক করা হয় যে, বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্র এবং ডব্লিউইউএস যৌথভাবে ছাত্র-ছাত্রীদের জন্য খণ্ডকালীন কাজের ব্যবস্থা করবে। ছাত্র-ছাত্রী এবং যেখানে কাজের ব্যবস্থা করা হবে সে সংস্থার মধ্যে তারা সমন্বয়কারী হিসেবে কাজ করবে এবং কাজ শুরুর আগে ছাত্র-ছাত্রীদেরকে কিছুদিন প্রশিক্ষণ [illegible]